**AKASHVANI(AIR)**
**RNU:KOLKATA**
**BengaliText Bulletin**

**Date 04-01-2026** **Time: 7.50 P.M.**

---

## বিশেষ বিশেষ খবর –

১) এসআইআর-এর প্রক্রিয়ায় রাজ্যে বিকেন্দ্রীকৃত শুনানিকেন্দ্র চালুর অনুমোদন দিয়েছে নির্বাচন কমিশন।

২) এসআইআর প্রক্রিয়া পরিকল্পনাহীন ও ত্রুটিপূর্ণ বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ফের অভিযোগ করেছেন।

বিজেপির অভিযোগ, সীমান্তবর্তী জেলাগুলিতে পরিকল্পিতভাবে জনবিন্যাস পরিবর্তনের চেষ্টা চলেছে।

৩) কেন্দ্রীয় শ্রম ও কর্ম সংস্থান মন্ত্রী মনসুখ মনভিয়া বলেছেন, নতুন শ্রম কোড চালু হলে চা শ্রমিকরা বিশেষভাবে উপকৃত হবেন।

৪) রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোসের উদ্যোগে বন্দে মাতরমের দেড়শো বছর পূর্তি উপলক্ষে আগামীকাল থেকে দুদিনের বিশেষ কর্মসূচী শুরু হচ্ছে।

৫) কলকাতা সহ দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই আগামীকাল থেকে তাপমাত্রা কমার পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

-------------------------------------------------------------------------------------

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায় রাজ্যে বিকেন্দ্রীকৃত শুনানিকেন্দ্র বা ডিসেন্ট্রালাইজড হিয়ারিং সেন্টার চালুর অনুমোদন দিল নির্বাচন কমিশন।

পশ্চিমবঙ্গের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরকে পাঠানো এক নির্দেশিকায় কমিশন জানিয়েছে, ভৌগোলিক বিস্তৃতি, দুর্গম এলাকা, বনাঞ্চল, ছড়িয়ে থাকা বসতি এবং যাতায়াত সংক্রান্ত সমস্যার কথা মাথায় রেখেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

নির্বাচন কমিশনের তরফে জানানো হয়েছে, রাজ্যের বারোটি জেলায় মোট একশো ষাটটি বিকেন্দ্রীকৃত শুনানিকেন্দ্র তৈরি হবে। এই জেলাগুলির মধ্যে রয়েছে দার্জিলিং, ঝাড়গ্রাম, কালিম্পং, পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর, আলিপুরদুয়ার, বাঁকুড়া, নদিয়া, হাওড়া, পশ্চিম বর্ধমান, উত্তর চব্বিশ পরগনা এবং জলপাইগুড়ি।

কমিশনের অনুমোদন অনুযায়ী, দার্জিলিং জেলায় সর্বাধিক ঊনচল্লিশটি এবং আলিপুরদুয়ারে আটত্রিশটি এই ধরনের শুনানিকেন্দ্র প্রস্তাব করা হয়েছে।

--------------------

এসআইআর প্রক্রিয়া পরিকল্পনাহীন, ত্রুটিপূর্ণ ও প্রশাসনিক গাফিলতিতে ভরা বলে অভিযোগ তুলে  মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ফের নির্বাচন কমিশনকে চিঠি দিয়েছেন। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের কাছে দীর্ঘ চার পাতার ঐ চিঠিতে তিনি দাবি করেছেন, এই প্রক্রিয়ায় গণতন্ত্রের ভিত ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং যোগ্য ভোটারদের নাম বাদ যাওয়ার আশঙ্কা বাড়ছে।

আগেও তিনি এই বিষয়ে কমিশনের দৃষ্টি আকর্ষণ করেছিলেন। কিন্তু সংশোধনের বদলে পরিস্থিতি আরও খারাপ হয়েছে বলে মুখ্যমন্ত্রী চিঠিতে উল্লেখ করেছেন। তাঁর দাবি, পর্যাপ্ত প্রস্তুতি ছাড়াই তড়িঘড়ি এই প্রক্রিয়া চালানো হচ্ছে। আধিকারিকদের যথাযথ প্রশিক্ষণ দেওয়া হয়নি।

প্রবীণ, অসুস্থ মানুষদেরও দীর্ঘ পথ পাড়ি দিয়ে শুনানি কেন্দ্রে যেতে বাধ্য করা হচ্ছে বলেও তাঁর অভিযোগ। অবিলম্বে এই প্রক্রিয়ার ত্রুটি সংশোধন করার জন্য নির্বাচন কমিশনের কাছে আর্জি জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

--------------------

সীমান্তবর্তী জেলাগুলিতে পরিকল্পিতভাবে জনবিন্যাস পরিবর্তনের চেষ্টা চলছে বলে বিজেপি অভিযোগ করেছে। হাওড়ায় আজ দলের পরিবর্তন সংকল্প সভায় যোগ দিয়ে রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য বলেন, রাজ্যবাসী তৃণমূল কংগ্রেসের ওপর থেকে আস্থা হারিয়েছে। রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়েও এদিন সমালোচনায় সরব হন তিনি।

বাইট

অন্যদিকে, পুরুলিয়ার বান্দোয়ানের মাঘলা ফুটবল ময়দানে পরিবর্তন সংকল্প সভায় যোগ দেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। বাংলাদেশী অনুপ্রবেশকারীদের রাজ্যের শাসক দল বাঁচানোর চেষ্টা করছে বলে এদিন অভিযোগ করেন তিনি।

--------------------

দক্ষিণ ২৪ পরগণার মগরাহাটে নির্বাচন কমিশন নিযুক্ত পর্যবেক্ষক সি মুরুগানের গাড়ি ঘিরে বিক্ষোভ এবং সরকারি কাজে বাধা দানের ঘটনায় রাজ্য পুলিশের DG-র কাছে বিস্তারিত রিপোর্ট তলব করেছে কমিশন। রাজ্য পুলিশের মহানির্দেশক রাজীব কুমারকে আগামী মঙ্গলবার বিকেল পাঁচটার মধ্যে ঘটনার পূর্ণাঙ্গ রিপোর্ট জমা দিতে বলা হয়েছে। পুলিশকে, রোল অবজার্ভারের সফর সূচী আগাম জানানো সত্ত্বেও কেন তিনি পর্যাপ্ত নিরাপত্তা পেলেন না, সেই প্রশ্নের উত্তর চাওয়া হয়েছে।

--------------------

নির্বাচন কমিশন, রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে আগামীকাল থেকে সাপ্তাহিক রিপোর্ট দেওয়ার জন্য সব জেলাশাসককে নির্দেশ দিয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের তরফে পাঠানো ঐ নির্দেশিকায় বলা হয়েছে, প্রতি সপ্তাহে জেলা শাসকেরা আইনশৃঙ্খলা সংক্রান্ত বিস্তারিত রিপোর্ট সিইও দফতরে পাঠাবেন। এরপর সেই রিপোর্ট যাবে নির্বাচন কমিশনের কাছে।

**ভোটের আগে নজরদারি আরও বাড়াতে ইতিমধ্যেই পঁচিশটি নোডাল এজেন্সি নিয়োগ করা হয়েছে।** আগামীকাল থেকেই তারা কাজ শুরু করবে। প্রতিটি জেলায় জেলা শাসকের নেতৃত্বে আলাদা কমিটি গঠন করা হয়েছে, যারা এই নোডাল এজেন্সিগুলির সঙ্গে সমন্বয় রেখে কাজ করবে।

--------------------

পদ্মানদী সাঁতরে ভারতীয় ভুখন্ডে প্রবেশের পর প্রচন্ড ঠান্ডায় অসুস্থ হয়ে এক বাংলাদেশী যুবকের মৃত্যু হয়েছে। মুর্শিদাবাদের রঘুনাথগঞ্জে ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী পাতলা টোলা এলাকা থেকে আজ ভোরে  রবিউল শেখ নামে বছর তিরিশের ওই যুবককে আটক করে বিএসএফ। বাংলাদেশের চাঁপাইনবাবগঞ্জ জেলার বাসিন্দা রবিউল বিবস্ত্র অবস্থায় পদ্মা নদী পার হয়ে এদেশে ঢুকেছিল সে। এরপরই তাঁর শারীরিক অবস্থার অবনতি হয়। জঙ্গিপুর মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাঁকে মৃত ঘোষণা করেন।

--------------------

নতুন শ্রম কোড চালু হলে চা শ্রমিকরা বিশেষভাবে উপকৃত হবেন বলে কেন্দ্রীয় শ্রম ও কর্ম সংস্থান মন্ত্রী মনসুখ মনভিয়া জানিয়েছেন। শিলিগুড়িতে ভারতীয় চা শ্রমিক

ইউনিয়নের উদ্যোগে আয়োজিত এক অনুষ্ঠানে ডক্টর মান্ডভিয়া বলেন, চা শ্রমিকদের জন্য সামাজিক সুরক্ষা, ন্যুনতম মজুরী সহ অন্যান্য সুবিধার সংস্থান রয়েছে নতুন শ্রম কোডে।

বাইট

--------------------

রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোসের উদ্যোগে জাতীয় স্তোত্র 'বন্দে মাতরম'-এর দেড়শো বছর পূর্তি উপলক্ষে আগামীকাল থেকে দুদিনের বিশেষ কর্মসূচির আয়োজন করা হচ্ছে। লোক ভবন সূত্রে জানা গিয়েছে, এই দুই দিনের কর্মসূচিতে 'বন্দে মাতরম' এবং এর স্রষ্টা ঋষি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়-এর প্রতি শ্রদ্ধা জানানো হবে। আগামীকাল সাহিত্য সম্রাটের স্মৃতি বিজরিত তিনটি স্থান - নৈহাটির বঙ্কিম ভবন গবেষণা কেন্দ্র, প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয় এবং চুঁচুড়ার বঙ্কিম ভবন থেকে একযোগে তিনটি মোটরসাইকেল র‍্যালি শুরু হবে। প্রত্যেক র‍্যালিতে বিশিষ্ট ব্যক্তি সহ ১৫০ জন করে রাইডার অংশ নেবেন। তিনটি র‍্যালি এসে মিলিত হবে জোড়াসাঁকো ঠাকুরবাড়িতে। সেখানে 'অখণ্ড জ্যোতি' প্রজ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের প্রথম পর্ব সম্পন্ন হবে। সন্ধ্যায় জোড়াসাঁকো ঠাকুরবাড়িতে আয়োজন করা হবে এক বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠানের।

পরদিন, ৬ জানুয়ারি, জোড়াসাঁকো ঠাকুরবাড়ি থেকে ভিক্টোরিয়া মেমোরিয়াল হল পর্যন্ত 'অখণ্ড জ্যোতি' নিয়ে এক বিশেষ র‍্যালির আয়োজন করা হচ্ছে। এই র‍্যালির নেতৃত্ব দেওয়ার কথা প্রখ্যাত ক্রীড়াবিদ পি টি ঊষা-র। র‍্যালির শেষে ভিক্টোরিয়া মেমোরিয়ালে অনুষ্ঠিত হবে এক সাংস্কৃতিক অনুষ্ঠান। সেখানে বিভিন্ন ভারতীয় ভাষায় 'বন্দে মাতরম' পরিবেশনের জন্য খ্যাতনামা শিল্পীদের আমন্ত্রণ জানানো হয়েছে।

--------------------

২০২৫ সালের মধ্যে ভারত সম্পর্কে সারা বিশ্বের চিন্তাভাবনা পরিবর্তিত হয়েছে। নির্ণায়ক শক্তি হিসেবে উঠে এসেছে ভারত। একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – কাশফিন)

---------------------

আইআইটি খড়্গাপুরে "ইয়ং ইনোভেটরস প্রোগ্রাম"-YIP-র সপ্তম সংস্করণ অনুষ্ঠিত হয়েছে। দুবাই এবং ভারতের বিভিন্ন অংশ থেকে মোট ৩৪০ টি দল এই প্রতিযোগিতায় অংশ নেয়। অষ্টম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ছাত্র-ছাত্রীদের জুনিয়র ও সিনিয়র দুটি দলে ভাগ করে প্রতিযোগিতা চলে। পড়ুয়াদের উদ্ভাবনী প্রতিভাকে গুরুত্ব দিয়ে ছটি সেরা টিমকে বেছে নেওয়া হয়েছে। পড়ুয়াদের হাতে পুরস্কার তুলে দেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ডক্টর সুকান্ত মজুমদার এবং আইআইটি খড়্গাপুরের অধিকর্তা অধ্যাপক সুমন চক্রবর্তী। পরে সাংবাদিকদের সুকান্তবাবু জানান, ভারতের ছেলেমেয়েদের দক্ষতা বিকশিত ভারতের পথ সুগম করছে।

(বাইট-সুকান্ত)

---------------------

আসন্ন গঙ্গাসাগর মেলার প্রস্তুতি খতিয়ে দেখতে আগামীকাল মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি দক্ষিণ ২৪ পরগণার সাগরে যাচ্ছেন। দুপুরে এক অনুষ্ঠানে দূর নিয়ন্ত্রিত ব্যবস্থার মাধ্যমে সাগর সেতুর শিলান্যাস করবেন তিনি। ইতোমধ্যেই বহু পুণ্যার্থী গঙ্গাসাগর পৌঁছেছেন।

উল্লেখ্য, আনুষ্ঠানিকভাবে এবার সাগর মেলা শুরু হতে যাচ্ছে এ মাসের ৮ তারিখে।

---------------------

দক্ষিণবঙ্গের নূন্যতম তাপমাত্রা আজ কিছুটা বাড়লেও আগামীকাল থেকে কলকাতা সহ প্রায় সব জেলাতেই তা আবার দু থেকে তিন ডিগ্রি পর্যন্ত কমার সম্ভাবনা রয়েছে। কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের থেকে বেশি থাকলেও সর্বোচ্চ তাপমাত্রা উল্লেখযোগ্য ভাবে প্রায় ৬ ডিগ্রি কম ছিল।

অন্যদিকে, দার্জিলিং পাহাড়ি এলাকায় আজ সর্বনিম্ন তাপমাত্রা ছিল দুই ডিগ্রি সেলসিয়াস যা ওই এলাকায় এই মরশুমে সব থেকে কম। আগামী দু দিন সেখানে তুষারপাত হতে পারে বলে জানান হয়েছে। সকালের দিকে ঘন কুয়াশার সম্ভাবনা থাকায় উত্তরবঙ্গে দিনের তাপমাত্রা তিন থেকে চার ডিগ্রি কমবে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন।

-------------------- --------------------